শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

[উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী]

সভাপতি : জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

সভার তারিখ : ২৮/০২/২০২২

সভার সময় : সকাল ১২.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ,বিশ্বম্ভরপুর সুনামগঞ্জ।

সভার হাজিরা : উপস্থিতি ও অনুপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে বিশ্বম্ভরপুর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার এবং ৫টি ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যানগণের বিদায় সংবর্ধনা এবং নবাগত চেয়ারম্যানগণের বরণ করে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

০২। অত:পর বিভিন্ন বিভাগের কর্মকর্তাদের অংশগ্রহণে সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত ও অনুমোদিত হয়:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | সভায় উপস্থাপিত বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীর উপর কারোও কোনো মন্তব্য থাকলে তা জানতে চাওয়া হয়। সভার সদস্যগন কার্যবিবরণীর বিষয়ে কোনো মন্তব্য নেই মর্মে সভাকে অবহিত করেন। | বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের ডিসেম্বর-২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| অগ্রগতি পর্যালোচনা | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা | অগ্রগতি সন্তোষজনক | |
| বিভাগীয় কমিটির সুপারিশ | উপজেলা পরিষদের বিভাগীয় কমিটির সুপারিশ পর্যালোচনা/সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদের সভায় উত্থাপনযোগ্য কোন সুপারিশ না থাকায় কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। | সংশ্লিষ্ট সকল |
| | বিভাগ ভিত্তিক আলোচনা | | |
| আইন-শৃঙ্খলা সংক্রান্ত | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় জানান উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান, ধনপুর ইউনিয়নের শিলডোয়ার চান্দের বাজার নুরানিয়া হাফিজিয়া মাদ্রাসার একজন শিক্ষক জঙ্গি সংশ্লিষ্টতার অভিযোগে গ্রেফতার হওয়ায় জঙ্গি তৎপরতা রোধে সকল মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের কঠোর নজরদারীর আওতায় আনা হয়েছে এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার রয়েছে।<br><br>উপজেলা নির্বাহী অফিসার সভায় মাদকমুক্ত বিশ্বম্ভরপুর উপজেলা ঘোষণার কার্যক্রমের অংশ হিসেবে উপজেলা প্রশাসন,আইন-শৃঙ্খলা বাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সমন্বয়ে ইউনিয়নভিত্তিক মাদক বিক্রি ও সেবনকারীদের তালিকা প্রণয়ন করার বিষয়ে প্রস্তাব করেন। | ০১। জুয়ার আড্ডা ও ইয়াবাসহ অন্যান্য মাদকদ্রব্য বিক্রি/সেবন প্রতিরোধ এবং গরু চুরি বন্ধে টহল আরো গতিশীল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি থানায় সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br><br>০২। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং নিরাপত্তা নিশ্চিত করতে জঙ্গি তৎপরতা রোধে সকল মাদ্রাসার শিক্ষক ও শিক্ষার্থীদের কঠোর নজরদারীর আওতায় আনা এবং যে কোনো ধরণের নাশকতা রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার ইন-চার্জ বিশ্বম্ভরপুর থানা |

| | | | |
|---|---|---|---|
| | অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানা সভায় জানান নির্বাচনকালীন সময়ে গরু চুরি কিছুটা বৃদ্ধি পেলেও বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি আরো জানান, নদীতে অবৈধ বালু পাথর উত্তোলন রোধে River Duty পার্টি,অবৈধ বালু পাথর বহন ও বিপনন রোধে থানা এলাকায় বিভিন্ন পয়েন্টে Check post ডিউটি এবং থানা এলাকার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিয়মিত কিলো-ডিউটি,থানা এলাকার চিহ্নিত সন্ত্রাসী,অপরাধী বালুখেকো,বিভিন্ন মামলার আসামী গ্রেফতারের নিমিত্তে নিয়মিত Raid ডিউটি নিয়োজিত থাকেন।<br>চেয়ারম্যান,পলাশ ইউপি সভায় গরু চুরি বন্ধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ চালবন পয়েন্টে চেক পোস্ট বসানোর জন্য প্রস্তাব করেন।<br>চেয়ারম্যান,ধনপুর ইউপি সভায় জানান, লাউরেরগড়-মাছিমপুর-মমিনবাজার রোডে বালু পাথরবাহী ভারী যানবাহন ও লোহার চাকাবিশিষ্ট যানবাহন চলাচলের কারনে রাস্তার ব্যাপক ক্ষয়ক্ষতি হচ্ছে। | ০৩। অবৈধভাবে বালু উত্তোলন বহন ও বিপনন রোধে পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অফিসার ইন-চার্জ, বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়।<br>০৪। লাউরেরগড়-মাছিমপুর-মমিনবাজার রোডে বালু পাথরবাহী ভারী যানবাহন ও লোহার চাকাবিশিষ্ট যানবাহন চলাচলের বিষয়ে বিধিনিষেধ আরোপসহ পুলিশ বিভাগ কর্তৃক যথাযথ মনিটরিংসহ টহল জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অফিসার ইন-চার্জ,বিশ্বম্ভরপুর থানাকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো সংক্রান্ত (প্রকৌশল বিভাগ) | উপজেলা প্রকৌশলী সভায় ২০২১-২২ অর্থ বছরের এডিপি জিওবি অংশের (১ম ও ২য় কিস্তি) অর্থায়নে প্রকল্প গ্রহণ ও অনুমোদন বিলম্বিত হওয়ার কারনে e-gp টেন্ডার সময়সাপেক্ষ হওয়ায় প্রকল্প বাস্তবায়নে ঝুকি থাকায় e-gp এর পরিবর্তে অফ-লাইন দরপত্র আহবানের প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় ২০২১-২২ অর্থ বছরের এডিপি জিওবি অংশের (৩য় কিস্তি) অর্থায়নে প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন এবং বিভিন্ন ইউনিয়ন হতে প্রাপ্ত স্ব-চিত্র আবেদনের প্রেক্ষিতে স্ব-স্ব ইউনিয়নের এডিপি'র প্রকল্প তালিকায় সেগুলো অন্তর্ভূক্ত করণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন।<br>চেয়ারম্যান,বাদাঘাট দঃ ইউপি সভায় জানান শক্তিয়ারখলা-বসন্তপুর রাস্তার কাজের নির্বাচিত ঠিকাদারের গাফিলতির কারনে কাজ বন্ধ থাকায় জনদুর্ভোগ চরম আকার ধারণ করেছে। আসন্ন বর্ষা মৌসুমে তা আরো মারাত্নকভাবে বৃদ্ধির আশংকা রয়েছে। এ অবস্থায় নির্বাচিত ঠিকাদারের লাইসেন্স বাতিলপূর্বক কালো তালিকাভূক্তকরনের জন্য নির্বাহী প্রকৌশলী,এলজিইডি বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদের আবাসিক ও প্রশাসনিক ভবনের মোট ১৫ টি পানির পাম্প খোলা পুনরায় স্থাপন ও উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সাব-মার্সিবল নলকূপের লাইন সংযোগ বাবদ =২৪,২১০/-(চব্বিশ হাজার দুইশত দশ) টাকার বিল পরিশোধের জন্য প্রস্তাব করেন। | ০১। ২০২১-২২ অর্থ বছরের এডিপি জিওবি অংশের (১ম ও ২য় কিস্তি) অর্থায়নে প্রকল্প গ্রহণ ও অনুমোদন বিলম্বিত হওয়ার কারনে e-gp এর পরিবর্তে অফ-লাইন দরপত্র আহবানের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>০২। ২০২১-২২ অর্থ বছরের এডিপি জিওবি অংশের (৩য় কিস্তি) অর্থায়নে প্রকল্প গ্রহণের কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>০৩। শক্তিয়ারখলা-বসন্তপুর রাস্তার কাজ বন্ধ থাকায় নির্বাচিত ঠিকাদারের লাইসেন্স বাতিলপূর্বক কালো তালিকাভূক্ত করনের জন্য নির্বাহী প্রকৌশলী,এলজিইডি বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। বিশ্বম্ভরপুর উপজেলা পরিষদের আবাসিক ও প্রশাসনিক ভবনের মোট ১৫ টি পানির পাম্প খোলা পুনরায় স্থাপন ও উপজেলা পরিষদের আবাসিক এলাকায় সাব-মার্সিবল নলকূপের লাইন সংযোগ বাবদ =২৪,২১০/-(চব্বিশ হাজার দুইশত দশ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী বিশ্বম্ভরপুর। |
| উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, বজ্রপাতে মৃত্যুর হার এবং ক্ষয়ক্ষতির পরিমান কমিয়ে আনার লক্ষে টিআর অর্থায়নে বজ্র নিরোধক দন্ড, বজ্র নিরোধক যন্ত্র ও বজ্র নিরোধক ছাউনী স্থাপনের জন্য মন্ত্রণালয় হতে পত্র পাওয়া গেছে। তিনি আরো | ০১। মন্ত্রণালয়ের নির্দেশনামতে টিআর অর্থায়নে বজ্র নিরোধক দন্ড, বজ্র নিরোধক যন্ত্র ও বজ্র নিরোধক ছাউনী স্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়;পরবর্তী কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান,সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | জানান, ২০২১-২২ অর্থ বছরের টিআর,কাবিটা'র ২য় কিস্তির বরাদ্দ পাওয়া গেছে।নীতিমালা মোতাবেক প্রকল্প দাখিলের জন্য সভায় সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | করা হয়।<br>০২। ২০২১-২২ অর্থ বছরের টিআর,কাবিটা'র ২য় কিস্তির বরাদ্দের আলোকে নীতিমালা অনুযায়ী প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বোরো ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে সকল বোরো ধানের জমিতে জিংক ও জিপসামের অভাবজনিত লক্ষণ দেখা যাচ্ছে; সে সকল জমির কৃষকদেরকে রবি/২০২১-২২ অর্থ বছরে জিংক ও জিপসাম সার ক্রয়পূর্বক বিতরণ করার প্রস্তাব করেন;এ বাবদ ৮০,০০০/- টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন।<br>তিনি আরো জানান, রবি/বোরো মৌসুমে হাওরে ৭০৩০ হেক্টর ও নন-হাওরে ৩৫৭০ হেক্টরসহ মোট ১০,৬০০ হেক্টর জমিতে বোরো ধান রোপন করা হয়েছে।<br>সভাপতি সভায় উপ:সহ:কৃষি কর্মকর্তাদের মাঠ পর্যায়ে মনিটরিং বৃদ্ধি জোরদার ও কৃষকদেরকে সঠিক পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় আগাম বন্যায় করণীয় বিষয়ে " কৃষক সমাবেশ" আয়োজনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | ০১। বোরো ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে যে সকল বোরো ধানের জমিতে জিংক ও জিপসামের অভাবজনিত লক্ষণ দেখা যাচ্ছে; সে সকল জমির কৃষকদেরকে রবি/২০২১-২২ অর্থ বছরে জিংক ও জিপসাম সার ক্রয়পূর্বক বিতরণ করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়; এ বাবদ ৮০,০০০/- টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ উপ:সহ:কৃষি কর্মকর্তাদের মাঠ পর্যায়ে মনিটরিং বৃদ্ধি জোরদার ও কৃষকদেরকে সঠিক পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।<br>০৩। আগাম বন্যায় করণীয় বিষয়ে "কৃষক সমাবেশ" আয়োজনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা বিশ্বম্ভরপুর। |
| উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় সংক্রান্ত | সভায় অনুপস্থিত | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান তিনি নতুন যোগদান করেছেন। দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| পল্লী সঞ্চয় ব্যাংক সংক্রান্ত | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান, বিগত মাসে ৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ ও ৩৫ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়েছে।<br>সভাপতি পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপককে পরামর্শ প্রদান করেন। | ০১। খেলাপী ঋণ আদায়ের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। পল্লী সঞ্চয় ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রমে জনপ্রতিনিধিগণের সম্পৃক্ততা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপককে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যান সংক্রান্ত | উপজেলা নির্বাহী অফিসার সভায় করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ প্রতিরোধে সরকারি সকল নির্দেশনাসমূহ ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি করোনা ভাইরাসের বিস্তার নিয়ন্ত্রণ ও বর্তমান উর্ধ্বগতি রোধকল্পে সারা বাংলাদেশের ন্যায় অত্র উপজেলায় একযোগে গণটিকা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন কার্যক্রম চলমান। উক্ত ক্যাম্পেইন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যক্রমে নিরাপত্তাকর্মী ও স্বেচ্ছাসেবীদের মজুরী বাবদ ৯৫০০/- টাকার বিল এবং দৈনিক ২০০০/- হারে ৭দিনের পোর্টা বাবদ ১৪,০০০/- টাকা, গণটিকা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন কার্যক্রমে দায়িত্ব পালনকারী আনসার সদস্যদের | ০১। বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনা ভাইরাস প্রতিরোধের লক্ষ্যে হাসপাতালে পর্যাপ্ত বেডের আইসোলেশন ওয়ার্ড চালু এবং হাচিঁ,কাশি ও শ্বাসকষ্টের রোগীকে চিকিৎসার জন্য আলাদা আউটডোর খোলার নিমিত্ত উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়।<br>০২। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণ প্রতিরোধে সরকারি সকল নির্দেশনাসমূহ ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>০৩। সরকারীভাবে কোন বরাদ্দ কিংবা চালক পদায়ন না হওয়া পর্যন্ত ফিল্ড এম্বুলেন্সের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জনাব ক্ষীরোদ কুমার হাজং-কে ফিল্ড এম্বুলেন্স চালক নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়; আপাতত ০৩ মাস (মার্চ-২০২২,এপ্রিল-২০২২,মে-২০২২) পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে দৈনিক ৫০০/- টাকা | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর |

| | | | |
|---|---|---|---|
| | মজুরী বাবদ ১৩,০০০/- টাকার ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের প্রস্তাব করেন।<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সরকারীভাবে একটি ফিল্ড এম্বুলেন্স বরাদ্দ পাওয়া গেছে। সরকারীভাবে কোন বরাদ্দ কিংবা চালক পদায়ন না থাকায় উপজেলা পরিষদ ও সকল ইউনিয়ন পরিষদের যৌথ উদ্যোগে ১জন চালক নিয়োগ এবং তার বেতন ভাতা প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন। উল্লেখ্য যে, এমএনএইচআই প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাওয়ায় উক্ত প্রকল্পের অধীন নিয়োগপ্রাপ্ত এম্বুলেন্স চালক জনাব ক্ষীরোদ কুমার হাজং-কে কোন প্রকার বেতন ভাতা প্রদান করা সম্ভব হচ্ছেনা। | হারে মাসিক সর্বোচ্চ ৯০০০/- টাকা মজুরী নির্ধারণপূর্বক পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়; ০১/০৬/২০২২ হতে সকল ইউনিয়ন পরিষদ হতে ২০০০/- করে মোট ১০,০০০/- টাকা মজুরী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। অত্র উপজেলায় একযোগে গণটিকা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন কার্যক্রমে দায়িত্ব পালনকারী নিরাপত্তাকর্মী ও স্বেচ্ছাসেবীদের মজুরী বাবদ ৯৫০০/- টাকার বিল এবং দৈনিক ২০০০/- হারে ৭দিনের পোর্টা বাবদ ১৪,০০০/- টাকার ব্যয় বিল,গণটিকা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সকল ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন কার্যক্রমে দায়িত্ব পালনকারী আনসার সদস্যদের মজুরী বাবদ ১৩,০০০/- টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| উপজেলা পরিবার পরিকল্পনা সংক্রান্ত | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, ২৮,৮২৩ জন সক্ষম দম্পতি,পদ্ধতি গ্রহণকারী ২৪,৪২৩ জন। হার-৭৭.৮০%।<br>তিনি উপজেলা পরিষদের অর্থায়নে বাদাঘাট দ: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে একটি ব্রেস্ট ফিডিং কর্ণার ও ০১টি গেইট নির্মাণ এবং ফতেপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের সংযোগ সড়ক নির্মাণ এবং ১৬টি বিপি স্টেথোস্কোপসহ গর্ভবতী মায়েদের জন্য ৩০,০০০ পিস ক্যালসিয়াম ট্যাবলেট প্রদানের জন্য সভায় প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা নিশ্চিত করণের জন্য নৌ-এম্বুলেন্স এর কার্যক্রম ত্বরান্বিত করার প্রস্তাব করেন। | ০১। মাঠ পর্যায়ে পরিবার পরিকল্পনার স্থায়ী/অস্থায়ী পদ্ধতি গ্রহণে জনসাধারণকে সচেতন করা সহ মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুর হার এসডিজি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী আনার বিষয়ে গুরুত্বারোপ করার ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। প্রাতিষ্ঠানিক ডেলিভারী সেবা নিশ্চিত করনের নিমিত্ত নৌ-এম্বুলেন্স এর কার্যক্রম ত্বরান্বিতকরন এবং ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভায় পরিবার পরিকল্পনা পরিদর্শকের উপস্থিতি নিশ্চিত করনের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>০৩। উপজেলা পরিষদের এডিপি অর্থায়নে বাদাঘাট দ: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রে একটি ব্রেস্ট ফিডিং কর্ণার ও ০১টি গেইট নির্মাণ এবং ১৬টি বিপি স্টেথোস্কোপসহ গর্ভবতী মায়েদের জন্য ৩০,০০০পিস ক্যালসিয়াম ট্যাবলেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিশ্বম্ভরপুর ও চেয়ারম্যান ফতেপুর ইউপি |
| উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, তিনি নতুন যোগদান করেছেন; দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। ভিজিডি জানুয়ারি-২২ মাসের ভিজিডি'র ডিও ছাড় করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| উপজেলা সমাজকল্যান সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরো জানান, বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার সার্বিক কার্যক্রম চলমান;প্রতিবন্ধি ভাতা ও শিক্ষা উপবৃত্তি শতভাগ করা হয়েছে;প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ চলমান। | প্রান্তিক জনগোষ্ঠীর জরিপ এবং গুগল ম্যাপীং কাজ; শিশু কল্যান বোর্ড ১০৯৮ হেল্প লাইন,সুদমুক্ত ক্ষুদ্র ঋণ,স্বেচ্ছাসেবী সংগঠন নিবন্ধন;রোগী কল্যান সমিতি এবং সমাজকল্যান পরিষদসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা মুক্তিযোদ্ধা সংক্রান্ত | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা যুব ও ক্রীড়া সংক্রান্ত | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে;বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা | উপজেলা শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) সভায় জানান | ০১। স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে সকল | উপজেলা শিক্ষা |

| | | | |
|---|---|---|---|
| প্রাথমিক ও গণ শিক্ষা সংক্রান্ত | স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে ০২/০৩/২০২২ তারিখ হতে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম শুরু হবে। হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী বৃদ্ধির চেষ্টা চলছে। ৭৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার আছে। পিইডিপি-৪ এর আওতায় বরাদ্দপ্রাপ্ত ২০টি প্রাথমিক বিদ্যালয়ে ইন্টারনেট সংযোগসহ সিসি ক্যামেরা স্থাপন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।<br>চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি সভায় বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সংকট দূরিকরণে উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। | সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম পরিচালনা এবং হোম ভিজিটের মাধ্যমে শিক্ষার্থী উপস্থিতি বৃদ্ধির কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>০২। বসন্তপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সংকট দূরিকরণে এসএমসি কমিটির মাধ্যমে ০২জন প্যারা শিক্ষক নিয়োগ দেয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মাধ্যমিক ও মাদ্রসা শিক্ষা সংক্রান্ত | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বদলীজনিত কারনে সভায় অনুপস্থিত।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ উপলক্ষে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অনুদান প্রদানের প্রস্তাব করেন। | ৫০ তম বাংলাদেশ জাতীয় স্কুল ও মাদ্রাসা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা-২০২২ উপলক্ষে ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অনুদান সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| উপজেলা মৎস্য ও প্রানীসম্পদ সংক্রান্ত | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্যজীবী নিবন্ধন কার্যক্রম চলমান। অত্র উপজেলায় নিবন্ধিত মৎস্যজীবী ৩৪০২জন ও ২৯৬০ জনকে কার্ড প্রদান করা হয়েছে। যে সকল প্রকৃত মৎস্যজীবী নিবন্ধিত হতে পারেননি তাদেরকে উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় হতে নিবন্ধন ফরম সংগ্রহ করার বিষয়টি বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এ বছর ৫টি বিল নার্সারীর জন্য বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা বিল নার্সারী বাস্তবায়ন কমিটির সভা সম্পন্ন হয়েছে; কার্যক্রম চলমান। ইউনিয়ন প্রকল্প হতে ৩টি প্রদর্শনী পাওয়া গেছে ও রাজস্ব খাতে ১টি প্রদর্শনী পাওয়া গেছে। | মৎস্যজীবী নিবন্ধন কার্যক্রম নীতিমালা মোতাবেক সম্পন্ন করণসহ যে সকল প্রকৃত মৎস্যজীবী নিবন্ধিত হতে পারেননি তাদেরকে উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় হতে নিবন্ধন ফরম সংগ্রহ করার বিষয়টি বহুল প্রচারের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা |
| উপজেলা জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ সংক্রান্ত | সহ: জনস্বাস্থ্য প্রকৌশলী সভায় জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১-২২ অর্থ বছরে ২৬টি অগভীর সাব মার্সিবল,১০৪টি গভীর সাব মার্সিবল এবং হাওর প্রকল্পের আওতায় ১০৫টি গভীর সাব মার্সিবল নলকূপের বরাদ্দ পাওয়া গেছে।নলকূপের বরাদ্দ বিভাজন/সাইট সিলেকশনের জন্য উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবানের জন্য সভায় প্রস্তাব করেন। | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ এবং হাওর প্রকল্পের আওতায় প্রাপ্ত সাব মার্সিবল নলকূপের বরাদ্দ বিভাজন/সাইট সিলেকশনের নিমিত্ত উপজেলা ওয়াটসান কমিটির সভা আহবান করার জন্য উপ-সহ: জনস্বাস্থ্য প্রকৌশলী-কে অনুরোধ করা হয়। তাছাড়া সভা আহবানের পূর্বে ভূতাপেক্ষভাবে অনুমোদন সাপেক্ষে প্রতিটি ইউনিয়ন হতে ৬টি করে প্রস্তাব প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | সহ: প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>ও<br>চেয়ারম্যান সকল ইউপি |
| উপজেলা পরিবেশ ও বন সংক্রান্ত | বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা বিট সভায় অনুপস্থিত | আগামী সভায় উপস্থিত থাকার জন্য বিট কর্মকর্তা,শক্তিয়ারখলা-কে অনুরোধ করা হয়। | বিট কর্মকর্তা শক্তিয়ারখলা |
| নিরাপদ খাদ্য নিশ্চিকরণ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, নিরাপদ খাদ্য মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির পাশাপাশি অসংক্রামক রোগের প্রকোপ হ্রাস করে ও আর্থিক বোঝা লাঘব করে। তিনি জানান বাংলাদেশ ইতোমধ্যে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে রয়েছে। এ অবস্থায় জনগণের নিরাপদ খাদ্যের প্রাপ্যতা নিশ্চিত করা অত্যন্ত জরুরী। মাঠ পর্যায়ে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের | খাদ্যের উৎপাদন হতে শুরু করে খাদ্য আমদানি,প্রক্রিয়াকরণ,সংরক্ষণ,পরিবহন,বিপনন এবং সর্বশেষ খাদ্যের ভোগ পর্যন্ত প্রতিটি স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিত করনে নিরাপদ খাদ্য আইন,২০১৩ এর যথাযথ প্রয়োগের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার বিশ্বম্ভরপুর |

মাধ্যমে নিরাপদ খাদ্য নিশ্চিকরণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

**হাটবাজার ও নৌকাঘাট/ফেরী ঘাটসমূহ ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত**

* উপজেলা নির্বাহী অফিসার সভায় উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন হাটবাজারসমূহ ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত 'উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি'র ২৮/০২/২০২২ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অনুকূলে ইজারা প্রদানের প্রস্তাবনা সভায় তুলে ধরেন:

| ক্র:নং | বাজারের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সর্বোচ্চ দরদাতা ব্যক্তির নাম | সর্বোচ্চ দরের পরিমান |
|---|---|---|---|---|
| ০১. | পলাশ বাজার | ১,০৭,৭৪২/- | জনাব সফিকুল ইসলাম,পিতামৃত: নাজিম উদ্দিন,গ্রাম: রণবিদ্যা,উপজেলা: বিশ্বম্ভরপুর জেলা: সুনামগঞ্জ | = ১,০৯,৯৮০/- |
| ০২. | চিনাকান্দি বাজার | ৪১,৩৪,৭৪২/ | জনাব মো: আক্তারুজ্জামান মিরাশ পিতামৃত: রুহিত মিয়া গ্রাম:চিনাকান্দি উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৫৫,২১,০০০/- |
| ০৩. | ধনপুর বাজার | ১,২৫,৪৫১/- | জনাব মো: আক্তারুজ্জামান মিরাশ পিতামৃত: রুহিত মিয়া গ্রাম:চিনাকান্দি উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =১,২৬,০০০/- |
| ০৪. | দুলভারচর বাজার | ১২,৪১৮/- | জনাব মো: রফিক মিয়া পিতামৃত: কাচা মিয়া গ্রাম: নেয়ামতপুর,উপজেলা: সদর জেলা: সুনামগঞ্জ | = ২০,০০০/- |
| ০৫. | জগন্নাথপুর বাজার | ২৫১৩/- | জনাব মো: আব্দুল মালেক পিতামৃত:আব্দুলকাদির,গ্রাম: কৌলারপাড়,উপজেলা: বিশ্বম্ভরপুর, জেলা: সুনামগঞ্জ | =২৬০০/- |
| ০৬. | মথুরকান্দি বাজার | ১৪,০২৭/- | জনাব মো: দেলোয়ার হোসেন পিতা: মো: জিতু মিয়া গ্রাম: কাপনা,উপজেলা: বিশ্বম্ভরপুর, জেলা: সুনামগঞ্জ | =১৫,০০০/- |
| ০৭. | কারেন্টের বাজার | ৩,২৪,৭৫০/- | জনাব মো: এমদাদুল হক পিতা: মো: দুলাল মিয়া,গ্রাম: কাচিরগাতি উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =২৩,১২,০০০/- |
| ০৮. | জিনারপুর | ১৩,৪৫৬/- | জনাব মো: রুহুল আমিন পিতা: মৃত মো: আ: হামিদ গ্রাম: জিনারপুর উপজেলা: বিশ্বম্ভরপুর,জেলা: সুনামগঞ্জ | =৩২,০০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত ও অনুমোদিত হয়।

০১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সর্বোচ্চ দরদাতাগণের অনুকূলে বর্ণিত বাজারসমূহ ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

*উপজেলা নির্বাহী অফিসার সভায় বিশ্বম্ভরপুর উপজেলাধীন নৌকাঘাট/ফেরীঘাটসমূহ ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদান সংক্রান্ত 'উপজেলা দরপত্র মূল্যায়ন কমিটি'র ২৮/০২/২০২২ তারিখের সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সর্বোচ্চ ডাক প্রদানকারী ব্যক্তির অনুকূলে ইজারা প্রদানের প্রস্তাবনা সভায় তুলে ধরেন:

| ক্র:নং | নৌকাঘাটের নাম | সম্ভাব্য সরকারি মূল্য | সর্বোচ্চ দরদাতা ব্যক্তির নাম | সর্বোচ্চ দরের পরিমান |
|---|---|---|---|---|
| ০১. | বিশ্বম্ভরপুর বাজার নৌকাঘাট | ১,২৬,৫০০/- | জনাব কবির আহমেদ,পিতা: মৃত আলকাছ উদ্দিন গ্রাম: ও উপজেলা:বিশ্বম্ভরপুর, জেলা:সুনামগঞ্জ | = ১,৩০,০০০/- |
| ০২. | বিশ্বম্ভরপুর থানা সদর নৌকাঘাট | ৩৩০০/- | জনাব মো: সিরাজ মিয়া,পিতা: মৃত বাহার উদ্দিন গ্রাম: ও উপজেলা: বিশ্বম্ভরপুর জেলা:সুনামগঞ্জ | = ৩৫০০/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত সিদ্ধান্ত সর্বসম্মতভাবে গৃহিত ও অনুমোদিত হয়।

০১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে বর্ণিত নৌকাঘাটসমূহ সর্বোচ্চ দরদাতার অনুকূলে ১৪২৯ বাংলা সনে ইজারা প্রদানের পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ

| | | | |
|---|---|---|---|
| | ক. *উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা:* উপজেলা নির্বাহী অফিসার সভায় ২৮/০২/২০২২ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ব্যাংক স্থিতি ১৮,৭১,৭৮০/- টাকা আছে মর্মে সভাকে অবহিত করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানুয়ারি-২০২২ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল এবংজীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১-০০২৯ এর জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা পরিশোধ,ইউপি চেয়ারম্যানগণের বরণ ও বিদায় অনুষ্ঠান বাবদ =২,১৭,৪৩৬/- টাকার ব্যয়িত বিল অনুমোদনের জন্য প্রস্তাব করেন।<br><br>খ. *চিকিৎসা সহায়তা প্রদান প্রসঙ্গে:* সভাপতি সভায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১১-১২ শিক্ষাবর্ষের লোকপ্রশাসন বিভাগের ৭৫ ব্যাচের শিক্ষার্থী জনাব মজিবুর রহমান রুপকের দুটো কিডনী অকেজো হয়ে যাওয়ায় চিকিৎসা সহায়তা বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের প্রস্তাব করেন।<br><br>গ. *পুনরায় চেক ইস্যুকরণ প্রসঙ্গে:* উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান দৈনিক ভোরের কাগজ পত্রিকার বিজ্ঞাপন বিল পরিশোধ বাবদ ৫৬,৪৪৮/- (ছাপ্পান্ন হাজার চারশত আটচল্লিশ) টাকার বিল পরিশোধ করা হয়;যাহার চেক নাম্বার ২৩৩১৫৬১ তারিখ: ২৬/০৬/২০২১। পরবর্তী সময়ে দৈনিক ভোরের কাগজ পত্রিকা কর্তৃপক্ষ নগদায়ন করার পূর্বে ইস্যুকৃত চেক হারিয়ে ফেলে। এ প্রেক্ষিতে ভারপ্রাপ্ত কর্মকর্তা রমনা মডেল থানায় সাধারণ ডায়রি (জিডি) করে। যাহার নাম্বার ৪৯ তারিখ: ০১/১১/২০২১। তিনি দৈনিক ভোরের কাগজ পত্রিকার বিজ্ঞাপন বিল পরিশোধ বাবদ ৫৬,৪৪৮/- (ছাপ্পান্ন হাজার চারশত আটচল্লিশ) টাকার চেক পুনরায় ইস্যু করার জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ মোতাবেক উপজেলা পরিষদের রাজস্ব তহবিল পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়; জানুয়ারি-২০২২ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,মহিলা ভাইস চেয়ারম্যান এর সম্মানী/বাসা ভাড়া ভাতাসহ দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মজুরী বিল,আপ্যায়ন ও আনুষাঙ্গিক বিল এবং জীপ গাড়ি নং: সুনাম-ঘ-১১-০০২৯ এর জ্বালানী বিল,নৌ-এম্বুলেন্স চালকের মজুরী বিলসহ নিয়মিত কর্মচারীদের সিপিএফ পাওনা পরিশোধ,ইউপি চেয়ারম্যানগণের বরণ ও বিদায় অনুষ্ঠান বাবদ =২,১৭,৪৩৬/- টাকার ব্যয়িত বিল সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br><br>০২। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১১-১২ শিক্ষাবর্ষের লোকপ্রশাসন বিভাগের ৭৫ ব্যাচের শিক্ষার্থী জনাব মজিবুর রহমান রুপকের দুটো কিডনী অকেজো হয়ে যাওয়ায় চিকিৎসা সহায়তা বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে =১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>০৩। দৈনিক ভোরের কাগজ পত্রিকার বিজ্ঞাপন বিল পরিশোধ বাবদ ৫৬,৪৪৮/- (ছাপ্পান্ন হাজার চারশত আটচল্লিশ) টাকার চেক পুনরায় ইস্যু করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>বিশ্বম্ভরপুর |

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/০৩/২২

(মো: সফর উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাসিক নিয়মিত সাধারণ সভা
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

স্মারক নং-৪৬.৪৬.৯০১৮.০০০.০৬.০২১.১৯- ৪৪

তারিখ: ০১/০৩/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয়.সংসদ সদস্য,বাংলাদেশ জাতীয় সংসদ,২২৭,সুনামগঞ্জ-৪।
০২। সিনিয়র সচিব,স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৩। কমিশনার,সিলেট বিভাগ,সিলেট।
০৪। পরিচালক,স্থানীয় সরকার,সিলেট বিভাগ,সিলেট।
০৫। জেলা প্রশাসক,সুনামগঞ্জ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,সুনামগঞ্জ।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৮। উপজেলা................................................ কর্মকর্তা,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
০৯। চেয়ারম্যান,সলুকাবাদ,পলাশ,ধনপুর,বাদাঘাট দঃ,ফতেপুর,ইউপি, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১০। সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।
১১। জনাব............................................................... ।
১২। অফিস কপি।

০৭/০৬/২০২২

(মোঃ সাদি উর রহিম জাদিদ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

# উপজেলা পরিষদ

## বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ।

২৮/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সাধারণ সভার হাজিরা:

*পরিশিষ্ট 'ক'*

| ক্র:নং | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সফর উদ্দিন,চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ। |
| | জনাব মো: তাজ্জত খান, ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | জনাব মাহফুজা আক্তার রীনা, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ। |
| ৩ | জনাব মোহাম্মদ নুরে আলম সিদ্দিকী,চেয়ারম্যান,সলুকাবাদ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | জনাব সোহেল আহমদ, চেয়ারম্যান,পলাশ ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | জনাব মো: মিলন মিয়া, চেয়ারম্যান,ধনপুর ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| | জনাব এড: মো: ছবাব মিয়া,চেয়ারম্যান,বাদাঘাট দ: ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | জনাব ফরুক আহমদ, চেয়ারম্যান, ফতেপুর ইউপি,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৭ | জনাব আমেনা পারভীন, সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৮ | জনাব রেহেনা পারভীন,সদস্য,উপজেলা পরিষদ,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

অনুপস্থিত সদস্যবৃন্দ

| ক্র:নং | নাম/পদবি |
|---|---|
| ১ | |

উপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্র:নং | নাম/পদবি (স্বাক্ষরের ক্রমানুসারে) |
|---|---|
| ১ | জনাব মো: সাদি উর রহিম জাদিদ,উপজেলা নির্বাহী অফিসার,বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ২ | জনাব ডা: এবিএম উসমান হায়দার মজুমদার, প্রতিনিধি, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৩ | জনাব মো: মকলেছুর রহমান সরদার,উপজেলা প্রকৌশলী, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৪ | জনাব মো: নয়ন মিয়া উপজেলা কৃষি অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৫ | জনাব মোহাম্মদ আবদুর রহমান,উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৬ | জনাব মেহেদী হাসান ভূইয়া, উপজেলা মৎস্য কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৭ | জনাব মো: আব্দুল মন্নান,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৮ | জনাব মো: মাহমুদুল হাসান,উপজেলা শিক্ষা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ৯ | জনাব ফাহমিদা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১০ | জনাব মো: রুহুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১১ | জনাব সঞ্জীব দাস, ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১২ | জনাব মৃদুল কান্তি সরকার, উপ:স: জনস্বাস্থ্য প্রকৌশলী, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৩ | জনাব মো: শফিকুল ইসলাম, পিআইও, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৪ | জনাব এসএম মাহবুবুর রশিদ,উপজেলা আনসার ভিডিপি অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |
| ১৫ | জনাব মো: রুমান হাসান, উপজেলা সমাজসেবা অফিসার, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ

| ক্র:নং | নাম/পদবি |
|---|---|
| ১ | জনাব খাঁন মো: আনোয়ার হোসেন, বিট কর্মকর্তা, |
| ২ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বম্ভরপুর,সুনামগঞ্জ |

(মোঃ সাদি উর রহিম জাদিদ)
পরিচিতি নং-১৭৪৯৬
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

মোঃ সফর উদ্দিন
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ